

# 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩১৯৩

88/ তাফসীরুল কুরআন (খুড্রি الله আন্ত্রা)

পরিচ্ছেদঃ ৩১. সূরা আর-রূম

### আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ حُرِيْتْ، حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ عَمْرِه، عَنْ أَبِي إِسْحَاقَ الْفَرَارِيّ، عَنْ سُغْيَانَ التَّوْرِيِّ، عَنْ حَبِيب بْنِ أَبِي عَمْرَةَ، عَنْ سَغِيد بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، فِي قَوْلِ اللَّهِ تَعَالَى: ( الم \* غُلِبَت الرُّومُ \* فِي أَدْنَى الأَرْضِ) قَالَ غُلِبَتْ وَغَلَبَتْ كَانَ الْمُشْرِكُونَ يُحِبُّونَ أَنْ يَظْهَرَ أَهْلُ فَارِسَ عَلَى الرُّومِ لأَنَّهُمْ وَإِيَّاهُمْ أَهْلُ أَوْثَانٍ وَكَانَ الْمُشْرِكُونَ يُحِبُّونَ أَنْ يَظْهَرَ الرُّومُ عَلَى قَارِسَ لأَنَّهُمْ أَهْلُ كِتَابِ فَذَكَرُوهُ لأَبِي بَكْرٍ فَذَكَرَهُ الْمُسْلِمُونَ يُحِبُّونَ أَنْ يَظْهَرَ الرُّومُ عَلَى قَارِسَ لأَنَّهُمْ أَهْلُ كِتَاب فَذَكَرُوهُ لأَبِي بَكْرٍ فَذَكَرَهُ أَبُو بَكْرٍ لَرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " أَمَا إِنَّهُمْ سَيَغْلِبُونَ " . فَذَكَرَهُ أَبُو بَكْرٍ لَكُولُ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " أَمَا إِنَّهُمْ سَيَغْلِبُونَ " . فَذَكَرُهُ أَبُو بَكْرٍ لَكُولُ اللهُ عَلَى اللهُ عليه وسلم كَذَا وَكَذَا وَكَذَا وَإِنْ ظَهَرْتُمْ كَانَ لَكُمْ فَقَالُوا اجْعَلْ بَيْنَنَا وَبَيْنَكَ أَجَلاً فَإِنْ ظَهَرْنَا كَانَ لَكُمْ لَيْهُمْ سَيَغْلِبُونَ " . فَذَكَرُهُ أَلُونَ الْعَشْرِ قَالَ لَكُمْ لَوْمَ لَيْنِ اللّهِ عَلْمَ لُونَ الْعَشْرِ " . قَالَ سَعِيدٌ وَالْبِضَعْ مَا دُونَ الْعَشْرِ قَالَ لَكُمْ ظَهَرَتِ الرُّومُ ) إِلَى قَوْلُهُ تَعَالَى : ( الم \* غُلِبَتِ الرُّومُ ) إِلَى قَوْلِهِ : (يقْرَحُ لللهُ عَلْمَ لُولُ اللهُ عَلْمَ لُولُ اللهُ عَلْمَ وَلَا لَا عَرْفَهُ مِنْ حَبِيبِ بْنِ أَبِي عَمْرَةً . وَلَى مَعْرِبٌ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ حَبِيبٍ بْنِ أَبِي عَمْرَةَ .

#### বাংলা

৩১৯৩। ইবনু আব্বাস (রাযিঃ) হতে বর্ণিত আছে, আল্লাহ তা'আলার বাণীঃ (অনুবাদ) আলিফ, লাম, মীম। রোমকগণ নিকটবর্তী ভূখণ্ডে পরাজিত হয়েছে, এ আয়াত প্রসঙ্গে তিনি বলেন, এতে দুই রকমের কিরআত আছে, "গুলিবাত" (পরাজিত হল) এবং "গালাবাত" (বিজয়ী হল)। তিনি আরো বলেন, মুশরিকরা চাইত যে, পারস্য শক্তি রোমান শক্তির উপরে জয়ী হোক। কেননা (মক্কার) মুশরিকরা এবং পারস্যের অধিবাসীরা উভয়ে ছিল পৌত্তলিক।

আর মুসলিমরা আকাজ্ফা করত যে, রোমান শক্তি পারস্য শক্তির বিরুদ্ধে বিজয়ী হোক। কেননা তারা ছিল আহলে



কিতাব। তারা ব্যাপারটি আবৃ বকর (রাযিঃ)-এর সামনে উল্লেখ করলে তিনি তা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে জানান। তিনি বললেনঃ অচিরেই রোমান শক্তি পারস্য শক্তির উপরে বিজয়ী হবে। আবৃ বকর (রাযিঃ) এ কথা তাদের নিকট উল্লেখ করলে তারা বলল, আপনি আমাদের ও আপনার মাঝে এর একটি সময়সীমা নির্দিষ্ট করুন। এ সময়সীমার মধ্যে আমরা যদি বিজয়ী হই তবে (এত এত মাল আমাদেরকে) দিতে হবে। আর যদি আপনারা বিজয়ী হন তবে আমরা আপনাদেরকে এই এই (পরিমাণ মাল) দিব।

তিনি পাঁচ বছরের সময়সীমা নির্দিষ্ট করেন। কিন্তু এ সময়ের মধ্যে কোন বিজয় সূচিত হল না। লোকেরা তা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উল্লেখ করলে তিনি বললেনঃ (হে আবূ বকর!), তুমি কেন আর কিছু বেশি সময়সীমা ধার্য করলে না? বর্ণনাকারী বলেন, আমার মনে হয় তিনি দশ বছরের কাছাকাছি সময়ের কথা বলেছেন।

সাঈদ (রাহঃ) বলেন, বিযউ' শব্দের অর্থ দশের চেয়ে কম। বর্ণনাকারী বলেন, পরবর্তীকালে রোমান শক্তি বিজয়ী হল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এটাই আল্লাহ তা'আলার বাণীঃ আলিফ, লাম, মীম!... ইয়াফরাহুল মুমিনুনা বিনাসরিল্লাহ" এর তাৎপর্য। সুফইয়ান বলেন, আমি শুনেছি, রোমান শক্তি ঠিক বদরের যুদ্ধের দিন পারস্য শক্তির উপরে বিজয়ী হয়।

সহীহঃ যঈফাহ (২২৫৪) নং হাদীসের অধীনে।

আবূ ঈসা বলেনঃ এ হাদীসটি হাসান, সহীহ গারীব। আমরা শুধু সুফইয়ানের রিওয়ায়াত হিসেবে এ হাদীস জেনেছি। তিনি হাবীব ইবনু আবী আমর'র সনদে এ হাদীস বর্ণনা করেছেন।

# **English**

## Narrated Sa'eed bin Jubair:

from Ibn 'Abbas, regarding the saying of Allah, Most High: Alif Lam Mim. The Romans have been defeated. In the nearest land (30:1-3)" he said: "Ghulibat wa Ghalabat (defeated and then victorious)." He said: "The idolaters wanted the Persians to be victorious over the Romans because they too were people who worshiped idols, while the Muslims wanted the Romans to be victorious over the Persians because they were people of the Book. This was mentioned to Abu Bakr, so Abu Bakr mentioned that to the Messenger of Allah (\*\*) and he said: 'They will certainly prevail.' Abu Bakr mentioned that to them, and they said: 'Make a wager between us and you; if we win, we shall get this and that, and if you win, you shall get this or that.' He made the term five years, but they (the Romans) were not victorious. They mentioned that to the Prophet (\*\*\*) and he said: "Why did you not make it less (than)" - He (one of the narrators said): I think he said: "ten?" He said: Sa'eed said: "Al-Bid' is what is less than then" - he said: "Afterwards the



Romans have been victorious." He said: "That is what Allah Most High said: 'Alif Lam Mim. The Romans have been defeated' up to His saying: 'And on the day, the believers will rejoice - with the help of Allah. He helps whom He wills (30:1-5).' Sufyan said: "I heard that they were victorious over them on the Day of Badr."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন